গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd
১৬ আব্দুল গণি রোড, রেলভবন, ঢাকা-১০০০

----

| | |
|---|---|
| সভাপতি | আ.স.ম আশরাফুল আলম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | **২৫.০৯.২০২৪ ইং** |
| সভার সময় | **বিকাল ৩:০০ ঘটিকা** |
| স্থান | ৯ম তলার কক্ষ নংঃ ৯০৮ |
| উপস্থিতি | পতাকা-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করেন। টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচী অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভায় উক্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.১.১ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সিটিজেন চার্টারভুক্ত ন্যূনতম একটি সেবা সহজিকরণের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সকল কর্মকর্তা-কর্মচারির নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ২ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.২.১ অনুযায়ী ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চালু রাখা সংক্রান্ত আলোচনা। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালু রাখার নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তর ও উদ্ভাবকগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৩.১ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগীয় অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করা সংক্রান্ত আলোচনা। | আগামী ২২/০৫/২০২৫ তারিখের মধ্যে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৪ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৪.১ অনুযায়ী ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা নির্ধারণ সংক্রান্ত আলোচনা। | রেলপথ মন্ত্রণালয়ের সকল দপ্তরের ই-ফাইলে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা ইনোভেশন টিমের নিকট প্রেরণের নিমিত্ত সকল দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৫ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ১.৪.২ অনুযায়ী ই-নথির ব্যবহার বৃদ্ধি করা সংক্রান্ত আলোচনা। | অসাধারণ লক্ষ্যমাত্রা (১০০%) অর্জনের নিমিত্ত সকল শাখাকে ই-নথির ব্যবহার বৃদ্ধি করার জন্য অবহিতকরণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। | আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়। |
| ৬ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.১.১ অনুযায়ী নিজ তথ্য বাতায়ন সর্বশেষ জারিকৃত গাইডলাইন অনুযায়ী পুনঃবিন্যস্তকরণ ও ক্রমিক নং ২.১.২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণ এবং ক্রমিক নং ২.১.২ অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থার তথ্য বাতায়ন হালানাগাদকরণ সংক্রান্ত আলোচনা। | সর্বশেষ জারিকৃত গাইডলাইন অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন পুনঃবিন্যস্তকরণ করতে হবে। রেলপথ মন্ত্রণালয়ের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে এবং বাংলাদেশ রেল ওয়ে ও সরকারি রেল পরিদর্শন অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ রাখার বিষয়ে ডিজিবিআর ও জিআইবিআর-কে পত্র প্রদান করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৭ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.২.১ অনুযায়ী ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন সংক্রান্ত আলোচনা। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রশাসন-২ শাখায় পত্র প্রেরণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৮ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.২.২ অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ সংক্রান্ত আলোচনা। | রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন টিমের সমন্বয়ে আগামী অক্টোবর মাসে এ বিষয়ক একটি সভা আয়োজন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ৯ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.২.৩ অনুযায়ী দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন করা সংক্রান্ত আলোচনা। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনপূর্বক আগামী ২৭/০২/২০২৫ তারিখের মধ্যে রেলপথ মন্ত্রণালয়ে একটি লার্নিং সেশন আয়োজন করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |
| ১০ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.৩.১ অনুযায়ী নিজ অফিস ও আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | আগামী ০১/১২/২৪ তারিখের মধ্যে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়। |
| ১১ | রেলপথ মন্ত্রণালয়ের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার ক্রমিক নং ২.৩.২ অনুযায়ী মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালা আয়োজন সংক্রান্ত আলোচনা। | মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রশাসন-২ শাখায় পত্র প্রেরণ করতে হবে। | সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮-১০-২০২৪
আ.স.ম আশরাফুল আলম
অতিরিক্ত সচিব

**নম্বর:** ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.২২.১০৫

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়;
২। যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়;
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়;

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় এবং
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়।

০৮-১০-২০২৪
পল্লব কুমার সরকার
সহকারী প্রোগ্রামার